

বিজিএ/কাস/২০২৩/৯২৭

৩০ মে, ২০২৩


সম্মানিত সকল সদস্যের জন্য

সম্মানিত সদস্যদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, যুক্তরাজ্যের GSP Scheme ``Developing Countries Trading System (DCTS)`` এর আওতায় তৈরি পোশাক রপ্তানিকারক প্রতিষ্ঠানসমূহের রপ্তানিকৃত কনসাইনমেন্ট-এর সার্ভিস চার্জসহ সংশ্লিষ্ট ডকুমেন্ট EPB Export Tracker- এ দাখিল প্রসঙ্গে রপ্তানি উন্নয়ন ব্যুরো (ইপিবি) বিজ্ঞপ্তি নং-২৬.০২.০০০০.০৫২.৪৭.৩৬৯.১৮/৪৮৯ তারিখঃ ২৮/০৫/২০২৩ জারী করেছে।

প্রয়োজনীয় কার্যক্রমের জন্য রপ্তানি উন্নয়ন ব্যুরো (ইপিবি) কর্তৃক জারীকৃত বিজ্ঞপ্তিটি এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

ধন্যবাদান্তে,


মোঃ ফয়জুর রহমান
মহাসচিব

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

• বাংলাদেশ তৈরি •

কর্তা: TMSO (Customs)

13

রপ্তানি উন্নয়ন ব্যুরো

বস্ত্র বিভাগ

টিসিবি ভবন, ১, কাওরান বাজার

ঢাকা-১২১৫।

www.epb.gov.bd



নথি নং -২৬.০২.০০০০.০৫২.৪৭.৩৬৯.১৮ / ৪৫৯

তারিখঃ ১৪ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ
২৮ মে ২০২৩ খ্রিষ্টাব্দ

জরুরী বিজ্ঞপ্তি

বিষয়ঃ যুক্তরাজ্যের GSP Scheme "Developing Countries Trading System (DCTS)" এর আওতায় তৈরী পোশাক রপ্তানিকারক প্রতিষ্ঠান সমূহের রপ্তানিকৃত কনসাইনমেন্ট-এর সার্ভিস চার্জসহ সংশ্লিষ্ট ডকুমেন্টস EPB Export Tracker এ দাখিল প্রসংগে।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে, যুক্তরাজ্যের GSP Scheme "Developing Countries Trading System (DCTS)" -এর আওতায় বাংলাদেশ থেকে যুক্তরাজ্যে পণ্য রপ্তানিতে রপ্তানিকারক Self Declaration এর মাধ্যমে সিও প্রদান করলেও DCTS মনিটরিং এবং Rules of Origin প্রতিপালন সংক্রান্ত ভেরিফিকেশনের জবাব প্রদানের বিষয়ে রপ্তানি উন্নয়ন ব্যুরো Competent Authority হিসেবে দায়িত্ব পালন করবে। এ প্রেক্ষিতে ভেরিফিকেশন সংক্রান্ত কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করার লক্ষ্যে তৈরী পোশাক রপ্তানিকারক প্রতিষ্ঠানকে নিম্নবর্ণিত বিষয়াবলী অনুসরণের জন্য অনুরোধ করা হলোঃ

- রপ্তানিকারক প্রতিষ্ঠান-কে রপ্তানি উন্নয়ন ব্যুরোতে নিবন্ধিত হতে হবে;
- ০১ জানুয়ারি ২০২৩ সাল থেকে বাংলাদেশ হতে যুক্তরাজ্যে রপ্তানিকৃত পণ্যের রপ্তানি সংক্রান্ত দলিলাদি ব্যুরোর Export Tracker (Link www.epb-exporttracker.gov.bd)-এ Upload করতে হবে। এ ক্ষেত্রে ইউরোপিয়ান ইউনিয়নের REX এর ন্যায় প্রতিটি কনসাইনমেন্টের দলিল Export Tracker এ দাখিল করার ক্ষেত্রে রপ্তানি উন্নয়ন ব্যুরো কর্তৃক নির্ধারিত ফি (ড্যাট-ট্যাক্সসহ) ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা মাত্র পরিশোধ করতে হবে। এবং
- বিগত ৩১-১২-২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত REX সিস্টেমের আওতায় যুক্তরাজ্যে যে সকল কনসাইনমেন্ট রপ্তানি করা হয়েছে এ কনসাইনমেন্ট সমূহের ডকুমেন্টসও Export Tracker -এ Submit করতে হবে।

০২। এমতাবস্থায় REX নাম্বার প্রাপ্ত সকল তৈরী পোশাক রপ্তানিকারী প্রতিষ্ঠানকে দ্রুততম সময়ের মধ্যে Export Tracker এ সমুদয় কনসাইনমেন্টের ডকুমেন্ট (REX নাম্বার প্রাপ্তির পর থেকে বর্তমান পর্যন্ত) Submit ও সার্ভিস চার্জ (টঃ ২৫০/= হারে) পরিশোধ করার জন্য অনুরোধ করা হলো। উপর্যুক্ত নির্দেশনা প্রতিপালন না করলে নিবন্ধন নবায়ন, ভেরিফিকেশন ও অন্যান্য প্রশাসনিক সহায়তা প্রদান সংক্রান্ত জটিলতার সম্মুখীন হলে তার দায়ভার সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকেই বহন করতে হবে।

বিষয়টি আপনার সমিতির আওতাভুক্ত সদস্য প্রতিষ্ঠানসমূহকে জরুরী ভিত্তিতে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৫/০৫/২০২৩
(মাহিউদ্দীন হাসান)
পরিচালক (বস্ত্র)

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

০১. সভাপতি, বিজিএমইএ, বিজিএমইএ কমপ্লেক্স, হাউজ#৭/৭এ, ব্লক# এইচ ১, সেক্টর# ১৭, উত্তরা, ঢাকা-১২৩০।
০২. সভাপতি, বিকেএমইএ, প্লানার্স টাওয়ার, সোনারগাঁও রোড, হাতিরপুল, ঢাকা।
০৩. সভাপতি, বিটিটিএলএমইএ, পল্টন টাওয়ার (৪র্থ তলা), ৮৭, পুরানো পল্টন লেন, ঢাকা।
০৪. সভাপতি, বিএসটিএমপিআইএ, পল্টন টাওয়ার (৩য় তলা), ৮৭, পুরানো পল্টন লেন, ঢাকা।
০৫. সভাপতি, বিটিএমই, ইউনিক ট্রেড সেন্টার (লেভেল-৮), ৮ পাছপথ, কাওরান বাজার, ঢাকা।
০৬. পরিচালক, রপ্তানি উন্নয়ন ব্যুরো (চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়), ১১০২/এ, মোস্তফা সেন্টার (৪র্থ তলা), আছাবাদ বা/এ, চট্টগ্রাম।
০৭. পরিচালক, রপ্তানি উন্নয়ন ব্যুরো (খুলনা আঞ্চলিক কার্যালয়), ৫, কোডিএ বাণিজ্যিক এলাকা, চেম্বার ম্যানশন (৩য় তলা), ডাকবাংলা মোড়, খুলনা।
০৮. উপ-পরিচালক (অর্থ), রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা।
০৯. প্রোগ্রামার, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (এই বিজ্ঞপ্তি ব্যুরোর ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১০. সহকারী পরিচালক, রপ্তানি উন্নয়ন ব্যুরো, রাজশাহী, (রাজশাহী আঞ্চলিক কার্যালয়), হাজেরা ডিলা (৪র্থ তলা), সাহেব বাজার (মিঞা পাড়া), নাটোর রোড, রাজশাহী।
১১. হিসাব রক্ষণ কর্মকর্তা, রপ্তানি উন্নয়ন ব্যুরো (কুমিল্লা শাখা কার্যালয়), হোল্ডিং নং-৮৪৫ (৩য় তলা) বিসিক গেইট, রাণীর বাজার, কুমিল্লা।
১২. গবেষণা কর্মকর্তা, রপ্তানি উন্নয়ন ব্যুরো (নারায়নগঞ্জ শাখা কার্যালয়), সাতার টাওয়ার (৫ম তলা), এসএম মাল্হে রোড, টানবাজার, নারায়নগঞ্জ।
১৩. নির্বাহী সহকারী, ভাইস-চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (ভাইস-চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৪. ব্যক্তিগত সহকারী, মহাপরিচালক মহোদয়ের দপ্তর, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

D:\REX Note\ayslip Notice doc

13

Karzal for stamp
29/5/2023